কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ময়মনসিংহ।

প্রাপ্তি নম্বর: ৬৯৭ তারিখ: ০৪ মে ২০২৬ খ্রি.

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

**উপপরিচালক (বীজ বিপণন) এর কার্যালয়**

ঢোলাদিয়া, ময়মনসিংহ।

website: seedsbadc.mymensingh.gov.bd

স্মারক নং: ৫২০

## ২০২৬-২৭ বিতরণ বর্ষের আমনা ধানবীজ বিক্রির বিজ্ঞপ্তি।

ময়মনসিংহ জেলার বিএডিসি'র বীজ ডিলারগণকে জানানো যাচ্ছে যে, 'অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা দপ্তরের স্মারক নং: ১৪০১; তারিখ: ৩০ এপ্রিল ২০২৬ খ্রি. মোতাবেক নিম্নোক্ত ছক এবং শর্তাবলী পালন সাপেক্ষে ২০২৬-২৭ বিতরণ বর্ষের আমন ধানবীজের বরাদ্দ প্রদান করা হয়েছে।

**ডিলার প্রতি আমন ধানবীজের বরাদ্দ**

| ক্রমিক নং | বীজের জাত | বীজের শ্রেণি | বরাদ্দের পরিমাণ (কেজি) | বিক্রয় দর (কেজি/টাকা) | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিআর১১ | প্রত্যায়িত | ৫০ | ৫৯.০০ | ২৯৫০.০০ | |
| ০২ | বিআর২২ | প্রত্যায়িত | ২০০ | ৬০.০০ | ১২০০০.০০ | |
| ০৩ | ব্রি ধান৩২ | মানঘোষিত | ৫০ | ৫৯.০০ | ২৯৫০.০০ | |
| ০৪ | ব্রি ধান৪৯ | ভিত্তি | ৫০ | ৬৭.০০ | ৩৩৫০.০০ | |
| | | প্রত্যায়িত | ৮০০ | ৫৯.০০ | ৪৭২০০.০০ | |
| ০৫ | ব্রি ধান৫১ | ভিত্তি | ৫০ | ৬৮.০০ | ৩৪০০.০০ | |
| | | প্রত্যায়িত | ২৫০ | ৬০.০০ | ১৫০০০.০০ | |
| ০৬ | ব্রি ধান১০৩ | প্রত্যায়িত | ৫০ | ৬২.০০ | ৩১০০.০০ | |
| ০৭ | বিনাধান৭ | প্রত্যায়িত | ৪০ | ৫৯.০০ | ২৩৬০.০০ | |
| ০৮ | অন্যান্য | ভিত্তি/প্রত্যা | ১০০ | ৫৯.০০ | ৫৯০০.০০ | |
| | | সর্বমোট | ১৬৪০ | - | ৯৮২১০.০০ | |

**শর্তাবলী:**

১। বরাদ্দকৃত আমন ধানবীজ আগামী ২১ মে ২০২৬ খ্রি. তারিখের মধ্যে উত্তোলন করতে হবে।

২। ২৪-২৫ মে ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত **"আগে আসলে আগে পাবেন ভিত্তিতে"** একই উপজেলার অন্য ডিলারদের মাঝে উন্মুক্ত বিক্রি করা হবে।

৩। ২৬-২৭ মে ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত **"আগে আসলে আগে পাবেন ভিত্তিতে"** একই জেলার অন্য ডিলারদের মাঝে উন্মুক্ত বিক্রি করা হবে।

৪। ২৮-৩১ মে ২০২৬ পর্যন্ত **"আগে আসলে আগে পাবেন ভিত্তিতে"** একই অঞ্চলের অন্য ডিলারদের মাঝে উন্মুক্ত বিক্রি করা হবে।

৫। ০৪ জুন ২০২৬ - শেষ না হওয়া পর্যন্ত **"Seed without Region"** এর আওতায় সারা দেশের বীজ ডিলারদের জন্য উন্মুক্তকরণ হবে।

৬। বরাদ্দকৃত বীজের মূল্য **"বিএডিসি আমন ধানবীজ প্রাপ্তি হিসাব"** শিরোনামে ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করে বীজ উত্তোলন করতে হবে, কোন অবস্থাতেই জমাকৃত পে-অর্ডার/ডিডি ফেরত প্রদান করা হবেনা।

৭। বিএডিসি'র গুদাম হতে বীজ উত্তোলনের পর বীজ ডিলারগণ নিজ উদ্যোগে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্তকর্তা ও উপজেলা কৃষি কর্তকর্তাকে ৭২ ঘন্টার মধ্যে বীজরে Arrival Report প্রদানপূর্বক বীজ বিক্রি শুরু করবেন। **কোন অবস্থাতেই Arrival Report প্রদান ব্যাতিত বীজ বিক্রয় করা যাবে না** এবং মৌসুমের মধ্যেই সমুদয় বীজ বিক্রির ব্যবস্থা নিতে হবে।

৮। বীজ ডিলারগণ কৃষকের নিকট সরকার নির্ধারিত মূল্যে ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রি করবেন এবং ক্যাশ মেমোতে ক্রেতার স্বাক্ষর রাখতে হবে।

CamScanner